

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং-১০.১০৭.০১১.০০.০০.০০২.২০১৪- ৪৫

তারিখ : ২৬ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের “মেডিকেল অফিসার” (নন-ক্যাডার) ৯ম গ্রেড (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) এর শূন্য পদে সরকারি নিয়োগের জন্য ০১ জন প্রার্থী কর্তৃক দাখিলকৃত আবেদন এবং কাগজপত্র পরীক্ষান্তে মৌখিক পরীক্ষার জন্য শর্তসাপেক্ষে যোগ্য ঘোষণা প্রসঙ্গে।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের ৮০.১০৭.০১১.০০.০০.০০২.২০১৪-২৫ নং স্মারকের অনুবৃত্তিক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের “মেডিকেল অফিসার” (নন-ক্যাডার) ৯ম গ্রেড (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) (বিজ্ঞপ্তির তারিখ : ৩১.০৫.২০১৭, বিজ্ঞপ্তি নং- ৩৪, অনলাইন) পদের ২২.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে বিপিএসসি ফরম-৩ জমাদানকারী একজন প্রার্থী তার মুক্তিযোদ্ধা কোটার সপক্ষে কাগজপত্রসহ লিখিত আবেদন করায় কমিশন কর্তৃক নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীকে সাময়িকভাবে যোগ্য ঘোষণা করেছে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
২৭.০২.২০১৮ মঙ্গলবার সময়-১০.৩০ মিঃ	000282 = 01 জন

২. প্রার্থীর নামে নতুন করে প্রবেশপত্র প্রেরণ করা হবে না। বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।


৩. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধার মূলসনদ ও এ সংক্রান্ত অন্যান্য সকল মূল কাগজপত্র, চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের কপি, বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই মৌখিক পরীক্ষার সময় আনতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থী মোবাইল ফোনসহ কমিশন ভবনে প্রবেশ করতে পারবেন না।

৪. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীকে মূল আবেদনপত্রের (বিপিএসসি ফরম-৩) ০১ সেট কমিশনের ওয়েব সাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে :

- শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি;
- মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি;
- মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার স্বপক্ষে সুস্পষ্ট ও যথাযথ প্রত্যয়নের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সুস্পষ্ট ও যথাযথ সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- Applicant's Copy
- বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;
- বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৫. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- ❖ পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
- ❖ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


(আ.ই.ম.নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)